প্রথম আলো

তারিখ: 31 JUL 2016
পৃষ্ঠা: ৬ কলাম: ২

### বাংলাদেশ গণিত দলকে উষ্ণ সংবর্ধনা

# দেশের মুখ উজ্জ্বল করেছে তারা

নিজস্ব প্রতিবেদক ●

হংকংয়ে অনুষ্ঠিত ৫৭তম আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডে (আইএমও) ভালো
ফলের জন্য বাংলাদেশ দলের ছয় খুদে গণিতবিদকে সংবর্ধনা দিয়েছে বাংলাদেশ
গণিত অলিম্পিয়াড কমিটি। গতকাল শনিবার বিকেলে রাজধানীর কারওয়ান
বাজারের টিসিবি মিলনায়তনে এই সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে বিশিষ্টজনেরা বলেছেন, এই প্রতিযোগিতার ভেতর দিয়ে গণিত দলের
সদস্যরা বাংলাদেশকে একটি সম্ভাবনাময় দেশ হিসেবে তুলে ধরেছে।
প্রতিযোগিতায় তাদের ধারাবাহিক সাফল্য দেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছে।

হংকং ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির ক্যাম্পাসে চলতি মাসের
৬ থেকে ১৬ তারিখ পর্যন্ত অনুষ্ঠিত এবারের অলিম্পিয়াডে অংশ নেয় বিশ্বের ১০৯টি
দেশের ছয় শতাধিক প্রতিযোগী। এর মধ্যে বাংলাদেশ দল সব মিলিয়ে একটি
রৌপ্যপদক ও তিনটি ব্রোঞ্জপদক এবং দুটি সম্মানজনক স্বীকৃতি অর্জন করেছে।

অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশ দলের কোচ মাহবুব মজুমদার ও সদস্যদের হাতে
ফুলের তোড়া তুলে দেন বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটির সভাপতি অধ্যাপক
জামিলুর রেজা চৌধুরী, সহসভাপতি অধ্যাপক মুনিবুর রহমান ও সদস্য অধ্যাপক
মোহাম্মদ কায়কোবাদ, অধ্যাপক লুৎফুজ্জামান, জিনবিজ্ঞানী আবেদ চৌধুরী, ডাচ্-
বাংলা ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক সাইদুল হাসান এবং *প্রথম আলোর*
সহযোগী সম্পাদক আব্দুল কাইয়ুম।

সংবর্ধনা অনুষ্ঠানে বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটির সাধারণ সম্পাদক
মুনির হাসান জানান, মাত্র ১ নম্বরের জন্য আসিফ স্বর্ণপদক আর আহমেদ জাওয়াদ
রৌপ্যপদক স্পর্শ করতে পারেনি। মোট ১১২ পয়েন্ট পেয়ে সব কটি দেশের মধ্যে
বাংলাদেশের অবস্থান ৩৫। এ ছাড়া এই ১ নম্বরের জন্যই বাংলাদেশ ভারতের
চেয়ে এক ধাপ পিছিয়ে পড়ে। বাংলাদেশের শিক্ষার্থীরা এবারই দলীয়ভাবে
প্রথমবারের মতো ১০০ পয়েন্টের বেশি অর্জন করেছে, যা গত বছর ছিল ৯৭। সব
মিলিয়ে দ্বাদশবারের মতো গণিতের আন্তর্জাতিক এই প্রতিযোগিতায় অংশ নিয়ে
বাংলাদেশের অর্জন ৪টি রৌপ্যপদক, ১৭টি ব্রোঞ্জপদক ও ২৩টি সম্মানজনক
স্বীকৃতি।অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্যে বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটির সভাপতি
জামিলুর রেজা চৌধুরী বলেন, 'এবার ভারত আমাদের থেকে এক ধাপ এগিয়ে
থাকলেও দক্ষিণ এশিয়ার দলগুলোর মধ্যে ব্যক্তিগতভাবে আসিফ সর্বোচ্চ পয়েন্ট
পেয়েছে। আমার বিশ্বাস, আগামী বছরই আমরা এই প্রতিযোগিতা থেকে স্বর্ণপদক
নিয়ে আসতে পারব।' অধ্যাপক কায়কোবাদ বলেন, গত ২০ বছরে বাংলাদেশে
শিক্ষার মান যে হারে নিচে নেমেছে, তাতে আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশ গণিত
দলের এই সাফল্য বিস্ময়কর।

এক ভিডিও বার্তায় অধ্যাপক জাফর ইকবাল শিক্ষার্থীদের উদ্দেশে বলেন,
'বিশ্বের বুকে একটি দরিদ্র ও সীমিত সম্পদের দেশ হওয়া সত্ত্বেও বাংলাদেশের
পতাকা নিয়ে তোমরা এই প্রতিযোগিতায় অংশ নেওয়ার সুযোগ পেয়েছ। এই
দেশকে তোমরা ভুলো না।' ডাচ্-বাংলা ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক সাইদুল
হাসান বলেন, 'এই প্রতিযোগিতার মধ্য দিয়ে আমাদের ছেলেরা বিশ্বের বুকে
বাংলাদেশকে একটা সম্ভাবনার দেশ হিসেবে প্রতিষ্ঠিত করেছে।'

আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডের জন্য দল গঠন করতে এবার ২৪টি আঞ্চলিক
গণিত উৎসবে অংশ নেয় সারা দেশের প্রায় ৩০ হাজার শিক্ষার্থী। এসব আঞ্চলিক
উৎসবে বিজয়ী ১ হাজার ৩৫০ জন শিক্ষার্থী নিয়ে ১২ ও ১৩ ফেব্রুয়ারি ঢাকায়
অনুষ্ঠিত হয় চতুর্দশ বাংলাদেশ গণিত অলিম্পিয়াড ও জাতীয় গণিত উৎসব ২০১৬।
চতুর্দশ বাংলাদেশ গণিত অলিম্পিয়াড থেকে জুনিয়র, সেকেন্ডারি ও হায়ার
সেকেন্ডারি ক্যাটাগরির সেরা ৩৭ জন শিক্ষার্থী নিয়ে অনুষ্ঠিত হয় দ্বাদশ বাংলাদেশ
জাতীয় গণিত ক্যাম্প। পরবর্তী সময়ে কোচের সুপারিশ অনুসারে ৫৭তম
আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডের জন্য ছয় সদস্যের দল নির্বাচন করে বাংলাদেশ
গণিত অলিম্পিয়াড কমিটি। গোটা প্রক্রিয়াটি সম্পন্ন হয় ডাচ্-বাংলা ব্যাংকের
পৃষ্ঠপোষকতায় ও *প্রথম আলোর* ব্যবস্থাপনায়।

সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়ে আরও বক্তব্য দেন গণিত
অলিম্পিয়াড কমিটির সদস্য অধ্যাপক আনোয়ার হোসেন, সুজনের সম্পাদক
বদিউল আলম মজুমদার ও বুয়েটের গণিত বিভাগের শিক্ষক আব্দুল হাকিম খান।
বাংলাদেশ গণিত দলের কোচ মাহবুব মজুমদার প্রতিযোগিতার বিভিন্ন দিক নিয়ে
কথা বলেন। প্রতিযোগিতায় অংশ নেওয়ার প্রতিক্রিয়া জানায় দলের সদস্যরা।